



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী

ওয়েব: [www.rgcc.ac.bd](http://www.rgcc.ac.bd), ই-মেইল: [prin2388@yahoo.com](mailto:prin2388@yahoo.com), EIIN : 126489

ফোন : ০২৫৮৮৮৫০৩৮৮ (অধ্যক্ষ), ০২৪৭-৮১০১২৮ (অফিস) ফ্যাক্স : ০৭২১-৮১২৬৩২

তারিখ: ১৪.০৭.২০২৪

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে চূড়ান্ত ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, রাজশাহী সরকারি সিটি কলেজে একাদশ শ্রেণিতে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের আগামী ১৬.০৭.২০২৪ হতে ২৫.০৭.২০২৪ তারিখ পর্যন্ত কলেজের নিজস্ব ওয়েবসাইটে ([www.rgcc.ac.bd](http://www.rgcc.ac.bd)) প্রবেশ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়সূচির মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে ভর্তি নীতিমালা অনুসারে শিক্ষার্থীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। এছাড়া শিক্ষার্থী প্রকৃত তথ্য গোপন, অসত্য তথ্য প্রদান কিংবা অসঙ্গতিপূর্ণ তথ্য প্রদান করলে তার মনোনয়ন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

বি.দ্রঃ কোটায় মনোনয়ন প্রাপ্ত শিক্ষার্থীকে এই বিজ্ঞপ্তির পরবর্তী অংশের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র ভর্তি কমিটির নিকট প্রদর্শন পূর্বক পাসওয়ার্ড সংগ্রহ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

### ভর্তি প্রক্রিয়া :

শিক্ষার্থীকে রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী এর নির্ধারিত ওয়েবসাইট ([www.rgcc.ac.bd](http://www.rgcc.ac.bd)) গিয়ে HSC Admission Link এ ক্লিক করলে একটি রোল চাইবে, এক্ষেত্রে SSC রোল প্রদান করলে একটি তথ্য ফরম আসবে, তা যথাযথভাবে পূরণ করে Submit করলে একটি Ref.ID ও Password পাওয়া যাবে। এরপর Login Button এ ক্লিক করে Ref.ID ও Password দিয়ে Login করলে Payment Information পাওয়া যাবে। এই Payment Information এ উল্লেখিত টাকা DBBL এর মোবাইল একাউন্ট/ Rocket এর মাধ্যমে প্রদান করতে হবে। এরপর Login Page টি Refresh করে Confirmation Slip ও Admission Form Download করে প্রিন্ট করতে হবে।

উল্লেখ্য, আবেদন ফরমে বিষয় সঠিকভাবে লিখতে হবে। বিষয়/বিষয়সমূহ ভুল লেখার কারণে রেজিস্ট্রেশন সংক্রান্ত জটিলতা হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ক্রমিক	শাখা/ গ্রুপ	টাকার পরিমাণ
০১.	বিজ্ঞান শাখা	৩০৩৫/-
০২.	মানবিক শাখা	২৮৬০/-
০৩.	ব্যবসায় শিক্ষা শাখা	২৮৩৫/-

ক. মোবাইল থেকে \*322# ডায়াল করে মেনুতে যেতে হবে।

খ. '1' (One) সিলেক্ট করতে হবে।

গ. রাজশাহী সরকারি সিটি কলেজের Biller ID '2363' টাইপ করতে হবে।

ঘ. Bill No. এর ঘরে এসএসসি'র রোল টাইপ করতে হবে।

ঙ. নির্ধারিত টাকার পরিমাণ লিখতে হবে (আইসিটি সার্ভিস চার্জ সহ)

বিজ্ঞান শাখা- (৩০০০ + ৩৫) = ৩০৩৫/-

মানবিক শাখা-(২৮২৫ + ৩৫) = ২৮৬০/-

ব্যবসায় শিক্ষা শাখা-(২৮০০ + ৩৫) = ২৮৩৫/-

চ. একাউন্ট হোল্ডারের চার সংখ্যার পিন টাইপ করতে হবে।

ছ. OK অথবা Send বাটন ক্লিক করলে একটি Trx. ID পাওয়া যাবে এবং Trx. ID ভবিষ্যতের জন্য সংরক্ষণ করতে হবে।

## ভর্তির সময় প্রয়োজনীয় কাগজপত্র জমাদানের তালিকাঃ

সাধারণ মেধায় ভর্তিকৃত শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্র শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ডের নির্দেশনা মোতাবেক কলেজের ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে। (ক্লাস চলাকালীন ভর্তি কমিটির সদস্যবৃন্দ ক্লাস থেকে সংগ্রহ করবে এবং কাগজপত্র সংগ্রহের তারিখ পরে জানানো হবে)

ক. এসএসসি'র একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র

খ. এসএসসি'র প্রশংসাপত্র

গ. কোটায় ভর্তির ক্ষেত্রে বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত কপি

ঘ. ভর্তি ফরম ও টাকা জমার রশিদ

ঙ. পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ১ কপি

চ. আইডি কার্ডের পূরণকৃত ফরম

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে মুক্তিযোদ্ধা (FQ) কোটা এবং শিক্ষা মন্ত্রণালয়ের কোটায় সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির বিজ্ঞপ্তি

রাজশাহী সরকারি সিটি কলেজের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) মুক্তিযোদ্ধা (FQ) কোটা এবং শিক্ষা মন্ত্রণালয়ের কোটায় সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ভর্তির যাবতীয় কার্যক্রম আগামী ১৮.০৭.২০২৪ এবং ২১.০৭.২০২৪ তারিখ বেলা ১.১৫ টা থেকে ৩.০০ টা পর্যন্ত কলেজের শিক্ষক মিলনায়তনে উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই পূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

### মুক্তিযোদ্ধা (FQ) কোটায় ভর্তির ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র

১. শিক্ষার্থীর এসএসসি'র অনলাইন একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র

২. শিক্ষার্থীর এসএসসি'র প্রশংসাপত্র

৩. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সাময়িক সনদপত্র (মূল কপি ও ফটোকপি)

৪. জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার/ ইউপি চেয়ারম্যান/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার সাথে শিক্ষার্থীর সম্পর্ক সম্পর্কিত প্রত্যয়নপত্র (মূল ও ফটোকপি)

৫. শিক্ষার্থীর দাদা মুক্তিযোদ্ধা হলে পিতার অথবা নানা মুক্তিযোদ্ধা হলে মাতার NID এর ফটোকপি

শিক্ষা মন্ত্রণালয়ের কোটায় সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীদের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র।

বিঃদ্রঃ ক্লাস শুরু তারিখ ৩০ জুলাই ২০২৪ মঙ্গলবার কলেজে প্রবেশের জন্য পে-লিপের ফটোকপি নিয়ে আসতে হবে।

ভর্তি সংক্রান্ত প্রয়োজনে যোগাযোগ: সকাল ১০.০০ হতে দুপুর ২.০০টা পর্যন্ত

শিক্ষকগণের নাম	মোবাইল নং
১। ড. মো. আজিজুর রহমান, সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ	০১৭১৬-৭২৯০০৪
২। জনাব মো. আব্দুর রাজ্জাক, প্রভাষক, বাংলা বিভাগ	০১৭৫২-০০১২২০
৩। জনাব মোসা: শামসুন নাহার, প্রভাষক, প্রাণিবিজ্ঞান বিভাগ	০১৭১২-৫০৬০৮১

প্রতি স্বাক্ষর

অধ্যক্ষ

রাজশাহী সরকারি সিটি কলেজ

রাজশাহী

আহ্বায়ক

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণি ভর্তি কমিটি

রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী।